গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী**

এবং

**ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা**

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি

০১ জুলাই ২০২০ – ৩০ জুন ২০২১

**সূচিপত্র**

১. **উপক্রমনিকা** ------------------------------------------------------------------------ ৩

২. **রপ্তানি উন্নয়ন ব্যুরোর কর্ম সম্পাদনের সার্বিক চিত্র**----------------------------------- ৪-৫

৩. **সেকশন ১:** রপ্তানি উন্নয়ন ব্যুরো রাজশাহী রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী ------------------ ৬

৪. **সেকশন** ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৭

৫. **সেকশন** ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্ম সম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ--------------------------- ৮-১২

৬. **সংযোজনী-১: শব্দসংক্ষেপ** ---------------------------------------------------------- ১৩

৭. **সংযোজনী-২**: কর্ম সম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী বিভাগসমূহ এবং পরিমাপ পদ্ধতি-------------------------------- **১৪**

৮. **সংযোজনী**-৩: কর্ম সম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনিদিষ্ট চাহিদা--------- ১৫

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করণ,সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী

এবং

ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো,ঢাকা।

এর মধ্যে ২০২০ সালের ..................... মাসের....................................তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই  চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

# রপ্তানি উন্নয়ন ব্যুরো'র কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Export Promotion Bureau)

রপ্তানি উন্নয়ন ব্যুরো আইনের দ্বারা সৃষ্ট একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান । এ প্রতিষ্ঠানের সার্বিক পরিচালনা ও কৌশলগত দিক নির্দেশনা প্রদানের জন্য একটি পরিচালনা পর্ষদ রয়েছে- যার সভাপতি হচ্ছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী । সার্বিক নির্দেশনা ও তত্ত্বাবধানে এ প্রতিষ্ঠানের CEO হিসাবে ভাইস চেয়ারম্যান রপ্তানি উন্নয়ন ব্যুরো আইনের অধীনে প্রদত্ত ক্ষমতাবলে দপ্তরটি পরিচালনা করে থাকেন।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত। এছাড়াও চট্টোগ্রাম, খুলনা ও রাজশাহীতে এর আঞ্চলিক কার্যালয় এবং কুমিল্লা, সিলেট ও নারায়নগঞ্জে এর শাখা অফিস রয়েছে।

"রপ্তানি বৃদ্ধি জাতির সমৃদ্ধি" এ লক্ষ্যকে সামনে রেখে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সমস্ত সেবা ও কার্যক্রম গড়ে উঠেছে। রপ্তানি পণ্যের তালিকায় নতুন নতুন পণ্যের সংযোজন, নতুন রপ্তানিকারক সৃষ্টি, বিশ্বব্যাপী দেশের রপ্তানি বাণিজ্যের সম্প্রসারণ ও উন্নয়নের লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো বিবিধ কর্মসূচী ও সেবা প্রদান করে থাকে।

রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী ও রংপুর বিভাগের ১৬ টি জেলার রপ্তানিকারকদের সেবা প্রদান করে থাকে। এছাড়াও অত্র অঞ্চলের ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রচুর পণ্য সমূহের মধ্যে রপ্তানিযোগ্য নতুন নতুন পণ্য খুঁজে তা রপ্তানি পণ্যের তালিকায় অন্তর্ভুক্ত করা এবং বিদেশে বিভিন্ন এলাকায় পণ্যের চাহিদা ও রপ্তানি সম্পর্কে সংশ্লিষ্ট উৎপাদনকারীদের সচেতন করার মাধ্যমে নতুন রপ্তানিকারক সৃষ্টির নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

**<u>সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:</u>**

রাজশাহীস্থ রপ্তানি উন্নয়ন ব্যুরোর আঞ্চলিক কার্যালয়টি রাজশাহী ও রংপুর বিভাগের একমাত্র অফিস বিধায় এর কার্যক্রমের পরিধিও সমস্ত বিভাগ জুড়ে। এ অঞ্চলে কোন নৌ-বন্দর কিংবা আন্তর্জাতিক বিমান বন্দর না থাকায় সড়ক পথেই এর রপ্তানি কার্যক্রম পরিচালিত হয়ে থাকে কিন্তু সড়ক যোগাযোগ ব্যবস্থা ভালো না থাকায় যথাযথভাবে রপ্তানি সম্পাদনে অনেক সমস্যার সম্মুখীন হতে হয়।

ক্রমবর্ধমান কর্মপরিধির তুলনায় রাজশাহী ইপিবি'র জনবল খুবই অপ্রতুল। প্রয়োজনীয় ও প্রশিক্ষিত জনবলের অভাবহেতু অত্র কার্যালয়ের কার্যক্রমের গতিও আশানুরুপ নয়। বর্তমান বিশ্ববাজার-পরিসর সুবৃহৎ ও দিন দিন সম্প্রসারিত হওয়ায় রপ্তানি প্রতিযোগিতা ও পণ্যের মান উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায় নতুন নতুন দেশ আমাদের প্রতিযোগী হিসেবে আবিভূত হচ্ছে। ফলে বিশ্ববাজারে প্রতিযোগিতায় টিকে থেকে আমাদের জন্য নতুন নতুন বাজার অনুসন্ধান এবং সাথে সাথে পণ্যের বহুমুখীকরণও জরুরী হয়ে পড়েছে।

পণ্যের বহুমূখীরণ, উপযোগীকরণ ও আন্তর্জাতিক বাজার সৃষ্টি ও সম্প্রসারনের লক্ষ্যে প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পাদনের মাধ্যমে রপ্তানিবৃদ্ধিপূর্বক দেশের অর্থনৈতিক ভান্ডারকে সমৃদ্ধ করে তোলাই হচ্ছে রপ্তানি উন্নয়ন ব্যুরো রাজশাহী দপ্তরের অন্যতম প্রধান চ্যালেঞ্জ। চলমান রপ্তানি পণ্যের মান উন্নয়ন এবং উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনেও রপ্তানি উন্নয়ন ব্যুরো,রাজশাহী'র অপর একটি বড় চ্যালেঞ্জ। এসব চ্যালেঞ্জ মোকাবেলায় বৃহত্তর রাজশাহী অঞ্চলের রপ্তানিযোগ্য প্রধানতম পণ্য পাট ও পাটজাত দ্রব্য,তাতবস্ত্র ও হোসিয়ারি পণ্য,তৈরী পোষাক, হালকা প্রকৌশলজাত পণ্য,অস্থিচূর্ণ (গোবাদী পশুর হাড় ও শিং) প্লাষ্টিক এ্যাগ্লোমেরটর, হেডওয়্যার, নকশী কাথা ইত্যাদির মান উন্নয়ন, উৎপাদন ও রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো,রাজশাহী প্রতিনিয়ত নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে রপ্তানিযোগ্য পণ্যের উৎপাদন বৃদ্ধি এবং নির্বিঘ্নে নিরাপদ রপ্তানি বাণিজ্যের উজ্জ্বল সম্ভাবনার বিষয়টি তুলে ধরে অত্র অঞ্চলের রপ্তানিকারক ও রপ্তানি বাণিজ্যে আগ্রহী ব্যবসায়ীদের ইতোমধ্যে বিভিন্ন সভা, সেমিনার, প্রশিক্ষণ কর্মসূচী আয়োজনের মাধ্যমে অনুপ্রাণিত করা হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

একটি দেশের অর্থনৈতিক সমৃদ্ধি নির্ভর করে তার বৈদিশিক মুদ্রার রিজার্ভের উপর। যে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমান যতবেশী সে দেশ অর্থনৈতিকভাবে তত সমৃদ্ধি-তত শক্তিশালী।এ বৈদিশিক মুদ্রা অর্জনের যে কয়টি পথ রয়েছে তার মধ্যে রয়েছে (১) বৈদিশিক সাহায্য (২) প্রবাসীদের দ্বারা পাঠানো রেমিটেন্স এবং (৩) রপ্তানির মাধ্যমে আয়।বৈদেশিক সাহায্য কোন একটি দেশের জন্য কখনও সম্মানের নয়- কাম্যও নয়। প্রবাসীদের পাঠানো রেমিটেন্সও অনিশ্চিত। কাজেই রূপকল্প ২০২১ এর মাধ্যমে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিনিত করতে রপ্তানি আয় বৃদ্ধির কোন বিকল্প নেই। সে লক্ষ্য অর্জনে রপ্তানি উন্নয়ন ব্যুরো রাজশাহী কার্যালয় প্রধান কার্যালয়ের মাধ্যমে সরকারকে সব ধরনের সহযোগিতার পরিকল্পনা হাতে নিয়েছে।

## সম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

পণ্য উন্নয়ন, পণ্য বহুমুখীকরণ এবং পণ্যের আন্তর্জাতিক বাজার সৃষ্টি ও সম্প্রসারণের মাধ্যমে দেশের রপ্তানির প্রবৃদ্ধিই ইপিবি’র প্রধান অর্জন। দেশের রপ্তানি খাতের উন্নয়নে ইপিবি’র সাম্প্রতিক অর্জনসমূহের মধ্যে রয়েছে রপ্তানি তালিকায় নতুন নতুন পণ্যের সংযোজন, তৈরী পোষাক ত্বাড়িত রপ্তানি খাতের ঝুঁকি কমানো, অধিক মূল্য সংযোজনক্ষম পণ্যের রপ্তানি সক্ষমতা বৃদ্ধিকরণ, রপ্তানি নীতি ২০১৮-২০২১ বাস্তবায়ন এবং রপ্তানি নীতি ২০২১-২০২৪ প্রণয়নে সরকারকে সহযোগিতা প্রদান উল্লেখ্যযোগ্য। এছাড়াও রপ্তানিকারকসহ সংশিম্নষ্টদের বিশ্ব বাণিজ্য পরিস্থিতির বিভিন্ন দিক সম্পর্কে অবহিতকরন, রপ্তানি সম্প্রসারণে বিভিন্ন আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ, দেশীয় পণ্যের রপ্তানি সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা আন্তর্জাতিক বানিজ্য মেলা-২০২০ সহ অন্যান্য বিশেষায়িত পণ্যের মেলা আয়োজন করা হয়। অধিকন্তু, ইউরোপীয় ইউনিয়ন এবং জাপানে বাংলাদেশী পণ্য রপ্তানি সহজীকরণের লক্ষ্যে রূলস অব অরিজিন শিথিলকরণ এবং চীন, ভারত, দক্ষিণ কোরিয়া, চিলি ও থাইল্যান্ডের বাজারে বাংলাদেশী পণ্যের শুল্কমুক্ত ও কোটামুক্ত প্রবেশাধিকার অর্জনের পাশাপাশি ইপিবির বস্ত্র বিভাগে অটোমেশন পদ্ধতিতে বিভিন্ন সনদ ইস্যুর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়াও ইউরোপিয় ইউনিয়ন,নরওয়ে,সুইজারল্যান্ড ও তুরস্কের বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে ইতোমধ্যে Tax Identification Number (TIN) এর বিপরীতে রপ্তানীমূখী গ্রুপভূক্ত/ ব্যাক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানসমূহকে REX (Registered Exporter System) সুবিধার- আওতায় আনা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। স্থায়ী প্রাঙ্গণে বাণিজ্য মেলা আয়োজনের লক্ষ্যে Bangladesh-China Friendship Exhibition Centre(BCFEC) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের চলমান রয়েছে । এছাড়াও পণ্যের বাজার সম্প্রসারণ ও সুসংহতকরণের লক্ষ্যে ২০১৯-২০২১ অর্থবছরে বিশ্বের বিভিন্ন আমন্তর্জাতিক বাণিজ্য মেলা সমূহে অংশগ্রহণ এবং ইউরোপ ও আমেরিকা অঞ্চলে বাংলাদেশের রপ্তানি নির্ভরশীলতা কমিয়ে আনার লক্ষ্যে এশিয়া অঞ্চলে বাংলাদেশের রপ্তানি বৃদ্ধির কার্যক্রম গ্রহন করা হয়েছে। রপ্তানি উন্নয়ন ব্যুরো রাজশাহী কার্যালয় হতে সাফটা,জিএসপি, কোরিয়ান সিও প্রভৃতি স্কিমের আওতায় বিগত ২০১৬-২০১৭ অর্থ বছরে ১,৭৩,৫০,১৬৬ ইউএস ডলার, ২০১৭-২০১৮অর্থ বছরে ৯৫,৮৮,৯৮৫ ইউএস ডলার এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে ৩৪০০০২০৮.৫৯ ইউএস ডলারের পণ্য রপ্তানি হয়েছে।

**২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

* রপ্তানি-নীতি ২০১৮-২০২১ বাস্তবায়নে প্রধান কার্যালয়কে সার্বিক সহযোগিতা প্রদান;

* ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ ২০২০) আয়োজন ও সফলভাবে সমাপন।

* নন-টেক্সটাইল পণ্য রপ্তানি ক্ষেত্রে জিএসপি ও অন্যান্য সনদ প্রদান সংক্রান্ত সেবা অটোমেশনের আওতায় আনয়ন;

* আন্তর্জাতিক বাণিজ্য মেলা/ একক দেশীয় বাণিজ্য মেলায় অংশগ্রহণ ও রপ্তানি অর্ডার আনয়ন।

* আন্তর্জাতিক বাণিজ্য উন্নয়ন সংস্থার (TPOs) সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্যেগ;

* ইউরোপিয় ইউনিয়ন,নরওয়ে,সুইজারল্যান্ড ও তুরস্কের বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে ইতোমধ্যে Tax Identification Number (TIN) এর বিপরীতে রপ্তানীমূখী গ্রুপভূক্ত/ ব্যাক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানসমূহকে REX (Registered Exporter System) সুবিধার- আওতায় আনয়ন।

* রপ্তানি পরিসংখ্যান প্রক্রিয়াকরণ,সংরক্ষণ ও প্রকাশের লক্ষ্যে সফটওয়্যার সংগ্রহ ও স্থাপন;

* Human Resource pay Roll account solution software সংগ্রহ ও স্থাপন;

* ওডিওপি -এর আওতায় রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী'র জন্য নির্ধারিত পণ্য গার্মেন্টস,হাল্কা প্রকৌশলজাত দ্রব্য এবং পাট ও পাটজাত দ্রব্য ইত্যাদি এর উন্নয়ন এবং রপ্তানি বৃদ্ধির ব্যবস্থা করণ;

## সেকশন-১

### রপ্তানি উন্নয়ন ব্যুরোর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) এবং কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী;

১। **রূপকল্প (Vision):** ক্রমবর্ধমান প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে রপ্তানি খাতের ভূমিকা সুদৃঢ়করণের লক্ষ্যে ইপিবিকে দক্ষিণ এশিয়ার মডেল রপ্তানি উন্নয়ন সংস্থায় উন্নীতকরণ।

২। **অভিলক্ষ্য (Mission):** আধুনিক তথ্য-প্রযুক্তি নির্ভর ক্রমউন্নয়নশীল প্রাতিষ্ঠানিক সক্ষমতার দ্বারা পণ্য উন্নয়ন, যুগোপযোগীকরণ ও বহুমুখীকরণ এবং বাজার সুদৃঢ়করণ ও সম্প্রসারণমূলক কর্মকান্ড বেগবান করার পাশাপাশি সংশিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহকে দ্রম্নত সহজীকৃত সেবা প্রদান নিশ্চিতকরণ।

**০১ । কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

১. রপ্তানি নীতি বাসত্মাবায়ন এবং রপ্তানি বৃদ্ধিতে সহযোগিতা প্রদান অব্যাহত রাখা;
২. রপ্তানি পণ্য উন্নয়ন, বহুমুখীকরণ এবং রপ্তানি পণ্যের সক্ষমতা বৃদ্ধিকরণ;
৩. নতুন নতুন বাজার অনুসন্ধান এবং প্রতিষ্ঠিত বাজার সুসংহতকরণ ও সম্প্রসারণ;
৪. রপ্তানিকারকসহ সংশিস্নষ্ট সকলের সক্ষমতা বৃদ্ধি ও রপ্তানি উন্নয়নে নতুন নতুন উদ্যোগ গ্রহণ ইত্যাদি।

**আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Mandatory Strategic Objectives):**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৩. স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
৪. কর্মপদ্ধতি, দক্ষতা ও সেবার মানোন্নয়ন;
৫. কর্ম পরিবেশ উন্নয়ন এবং
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

**৪। কার্যাবলী (Functions):**

১. রপ্তানি উন্নয়ন লক্ষ্যমাত্রা কলাকৌশল, কর্মসূচী ও রপ্তানি নীতি প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদান;
২. বাণিজ্য অনুসন্ধান সংরক্ষণ ও বিশ্লেষণ, দৈনন্দিন বাণিজ্য তথ্য সেবার তত্ত্বধান এবং ফলো-আপ কার্য নিশ্চিতকরণ;
৩. রপ্তানি সংক্রান্ত সমস্যার সমাধান, বাণিজ্য তথ্য বিনিময় এবং স্থানীয় চেম্বার/ট্রেড এসোসিয়েশন, রপ্তানিকারক এবং ব্যবসায়ীবৃন্দের সাথে যোগাযোগ রক্ষাকরণ;
৪. শুল্ক সুবিধা সংক্রান্ত সনদ (সিও, জিএসপি, সাফটা, সাপটা, আপটা ইত্যাদি) ইস্যুকরণ, রপ্তানি খাতের কমপ্লায়েন্স তদারকিকরণ ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিবন্ধন করণ;
৫. রপ্তানিযোগ্য পণ্যের বহুমূখীকরণ এবং বাজার অন্বেষন, সম্প্রসারণ ও সুসংহতকরণ;
৬. রপ্তানি সক্ষমতা বৃদ্ধিকরণে এনইটিপি এর আওতায় ওয়ার্কসপ/সেমিনার আয়োজন এবং রপ্তানি প্রক্রিয়া সহজীকরণে রপ্তানিকারকদের সহায়তাকরণ;
৭. পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল এর মাধ্যমে ইপিবি'র অবস্থান এবং কার্যবলী ও সহায়তা সম্পর্কিত প্রচারনা;
৮. রপ্তানিমুখী ব্যবসায়িক প্রতিষ্ঠান গুলো বৃদ্ধিতে উৎসাহ প্রদানমূলক বন্ধন স্থাপনে পরিদর্শন জোরালোকরণ;
৯. রপ্তানীমুখী প্রতিষ্ঠানগুলোর রপ্তানী বৃদ্ধিমূলক কর্ম পরিবেশ রাখতে স্থানীয় প্রশাসনের সাথে সুসম্পর্ক স্থাপনে সহায়তা প্রদান ইত্যাদি।

## সেকশন-২

# বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. রপ্তানি সম্প্রসারণ | রপ্তানি প্রবৃদ্ধির হার | % | ১০.৫৫ | (-) ১৯.০ | ১২.৫ | ৮.৫০ | ১০.০ | বাণিজ্য, বস্ত্র ও পাট, পররাষ্ট্র, কৃষি, শিল্প, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। | ইপিবি, এনবিআর ও বাংলাদেশ ব্যাংক |

# সেকশন-৩

## রপ্তানি উন্নয়ন ব্যুরোর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, রউব্যু, রাজশাহী এর কার্যক্রম, কর্ম সম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা।

(মোট নম্বর-৭৫)

দপ্তরের নাম : রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী ।

**রপ্তানি উন্নয়ন ব্যুরোর কৌশলগত উদ্দেশ্যসমূহ**

| কৌশলগত উদ্দেশ্য | কৌশল গত উদ্দেশ্য মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্নায়ক-২০২০-২১ | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০ | অসাধারণ ১০০% | অতিউত্তম ৯০% | উত্তম ৮০% | চলতিমান ৭০% | চলতিমানের নিমেণ ৬০% | প্রক্ষেপন ২০২১-২২ | প্রক্ষেপন ২০২২-২৩ |
| ১। রপ্তানি নীতি বাস্তবায়ন এবং রপ্তানি সেবা ও সহেযোগিতা প্রদান বৃদ্ধিকরণ । | ৫০.০০ | ১. ষ্টেক হোল্ডারদের রপ্তানি নীতি বিভিন্ন দিক সম্পর্কে পরামর্শ প্রদান । | ষ্টেক হোল্ডারদের প্রদানকৃত পরামর্শ | সংখ্যা | ১০ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | - | ৬ | ৬ |
| | | ১.২.রপ্তানি নীতি বাস্তবায়নে বাধাসমূহ চিহ্নিতকরণ সভা । | চিহ্নিতকরণ সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১০ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | - | ৬ | ৬ |
| | | ১.৩.শুল্ক সুবিধা সংক্রান্ত সনদ ( জিএসপি ইস্যুকরণ। | সনদ ইস্যুকরণ। | সংখ্যা | ৫ | ১৮ | ০৪ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২৪ | ২৪ |
| | | ১.৪. শুল্ক সুবিধা সংক্রান্ত অন্যান্য সনদ (সিও, সাফটা,সাপটা,আপটা) ইত্যাদি ইস্যুকরণ। | সিও,সাফটা,,আপটা সনদ ইত্যাদি ইস্যুকরণ। | সংখ্যা | ৫ | ১৬৩০ | ১৬১৯ | ১৬০০ | ১৪৪০ | ১২৮০ | ১১২০ | ৯৬০ | ১৮০০ | ১৮০০ |
| | | ১.৫. সেবা প্রদানের লক্ষ্য রপ্তানিকারকদের ইপিবির সাথে নিবন্ধিতকরণ । | রপ্তানিকারক নিবন্ধিত | সংখ্যা | ৫ | ১০ | ১৬ | ৬ | ৫ | ৫ | ৪ | ৩ | ১০ | ১০ |
| | | ১.৬.রপ্তানি সংক্রান্ত সমস্যা চিহ্নিতকরণ সভা । | চিহ্নিতকরণ সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৫ | - | - | ২ | - | - | - | - | ৩ | ৩ |
| | | ১.৭. বাণিজ্য সংশ্লিষ্ট পুস্তক/প্রতিবেদন এবং অন্যান্য সোর্সের ভিত্তিতে ক্লায়েন্টদের বাণিজ্য তথ্য সরবরাহ । | তথ্য সেবা প্রদানকৃত | % | ৫ | ৫ | ৫ | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | ১.৮. রপ্তানি পরিসংখ্যান সংগ্রহ ও প্রচার | পরিসংখ্যান সংগ্রহ ও প্রচার | তারিখ | ৫ | প্রতি মাসের ১ম সপ্তাহে | প্রতি মাসের ১ম সপ্তাহে | প্রতি মাসের ১ম সপ্তাহে | প্রতি মাসের ২য় সপ্তাহে | প্রতি মাসের ৩য় সপ্তাহে | প্রতি মাসের ৪র্থ সপ্তাহে | - | প্রতি মাসের ১ম সপ্তাহে | প্রতি মাসের ১ম সপ্তাহে |

| কৌশলগত উদ্দেশ | কৌশলগত উদ্দেশ্য মান | রউব্যু, রাজশাহী কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্নায়ক-২০২০-২০২১ | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০ | অসাধারণ ১০০% | অতিউত্তম ৯০% | উত্তম ৮% | চলতিমান ৭০% | চলতিমানের নিয়ে | প্রক্ষেপন ২০২১-২২ | প্রক্ষেপন ২০২২-২৩ |
| ২। রপ্তানি পণ্য উন্নয়ন বহুমুখীকরণ এবং রপ্তানি পণ্যের সক্ষমতা বৃদ্ধিকরণ | ১০ | ২.১. রপ্তানি সম্ভাবনাময় পণ্যের উপর প্রতিবেদন তৈরীকরণ | প্রতিবেদন তৈরীকৃত | সংখ্যা | ৫ | - | ১ | ৪ | ৩ | ২ | ১ | - | ৩ | ৪ |
| | | .২. ইপিবি কর্তৃক দেশে আয়োজিত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় স্থানীয় উৎপাদক/রপ্তানিকারকদের উদ্বুদ্ধকরণ | উৎপাদক/ রপ্তানিকারকউদ্বুদ্ধ কৃত | সংখ্যা | ৫ | - | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৫ |
| ৩। নতুন নতুন বাজার অনুসন্ধান, প্রতিষ্ঠিত বাজার সুসংহতকরণ ও সম্প্রসারণ | ৫.০০ | ৩.১.ইপিবি কর্তৃক আয়োজিত/অংশগ্রহণকৃত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণে স্থানীয় উৎপাদক/রপ্তানিকারকদের উদ্বুদ্ধকরণ | উৎপাদক/রপ্তানিকারক উদ্বুদ্ধকৃত | সংখ্যা | ৫ | - | ১০ | ১৫ | ১৩ | ১২ | ১০ | ৯ | ১৫ | ১৫ |
| ৪.রপ্তানিকারকসহ সংশ্লিষ্ট সকলের সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়নে নতুন নতুন উদ্যোগ গ্রহণ | ১০ | ৪.১. জাতীয় রপ্তানি প্রশিক্ষণকর্মসূচী (NETP) বাস্তবায়ন | NETP প্রণয়নে প্রদানকৃত সহযোগিতা | সংখ্যা | ৫ | - | - | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৫ | ৬ |
| | | ৪.২. জাতীয় রপ্তানি প্রশিক্ষণকর্মসূচী (NETP ) প্রণয়নে ইপিবি’র প্রধান কার্যালয়কে সহযোগিতা প্রদান | | তারিখ | ৫ | - | - | - | - | - | - | - | - | - |

## সেকশন-৩

## মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২১

**আবশ্যিক কৌশল** (মোট নম্বর-২৫)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ’র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫-২-২১ | ২৫-৩-২১- | ২৫-৪-২১ | ২৫-৫-২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি কাজী মো: সাইদুর রহমান,সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো ,রাজশাহী  অঙ্গীকার করছি যে ,এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি এ এইচ এম আহসান,ভাইস চেয়ার ম্যান,রপ্তানি উন্নয়ন ব্যুরো, সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো,রাজশাহী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

| | |
|---|---|
| ---------------------------------------- | ------------------------------ |
| সহকারী পরিচালক,<br>রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী। | তারিখ |
| ---------------------------------------- | ---------------------------------- |
| ভাইস-চেয়ারম্যান ,<br>রপ্তানি উন্নয়ন ব্যুরো | তারিখ |

# সংযোজনী-১: শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্র. ন. | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | EPB | Export Promotion Bureau |
| ২. | GSP | Generalized System of Preferences |
| ৩. | CO | Certificate of Origin |
| ৪. | NETP | National Export Training Programme |
| ৫. | FSC | Forest Stewardship Certificate |
| ৬. | BCFEC | Bangladesh-China Friendship Exhibition Centre (BCFEC) |
| ৭. | DITF | Dhaka International Trade Fair |
| ৮. | MOU | Memorandum of Understanding |
| ৯. | TPO | Trade Promotion Organization |
| ১০. | ODOP | One District One Product |
| ১১. | NBR | National Board of Revenue |
| ১২. | BFID | Bangladesh Furniture and Interior Deco |

## সংযোজনী- ২: কর্ম সম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী ইউনিট/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১.১ স্টেকহোল্ডারদের রপ্তানি নীতির বিভিন্ন দিক সম্পর্কে পরামর্শ প্রদান | স্টেকহোল্ডারদের প্রদানকৃত পরামর্শ | স্টেকহোল্ডারদের রপ্তানি নীতির বিভিন্ন দিক সম্পর্কে বিভিন্নভাবে পরামর্শ প্রদান | রউব্যু, রাজশাহী। | সংশিস্নষ্ট সংশ্লিষ্ট রেজিষ্টার/নথি | - |
| ১.২ রপ্তানি নীতি বাস্তবায়নে বাধাসমূহ চিহ্নিতকরণ সভা | চিহ্নতকরণ সভা অনুষ্ঠিত | রপ্তানি নীতি বাস্তবায়নে বাধাসমমূহ চিহ্নিতকরণের লক্ষ্যে সভা অনুষ্ঠান | রউব্যু, রাজশাহী। | সভার বিবরণী/সংশ্লিষ্ট নথি | - |
| ১.৩ শুল্ক সুবিধা সংক্রান্ত সনদ (জিএসসি) ইস্যুকরণ | সনদ ইস্যুকৃত | শুল্ক সুবিধা সংক্রান্ত সনদ (জিএসপি) ইস্যূকরণ | রউব্যু, রাজশাহী। | ইস্যুকৃত সার্টিফিকেটের অফিস কপি/ সংশ্লিষ্ট রেজিস্টার | - |
| ১.৪ শুল্ক সুবিধা সংক্রান্ত অন্যান্য সনদ (সিও, সাফটা, সাপটা, আপটা, এনেক্স- III ইত্যাদি) ইস্যুকরণ | সার্টিফিকেট অব অরিজিন ইস্যুকৃত | শুল্ক সুবিধা সংক্রামত্ম অন্যান্য সনদ (সিও, সাফটা, সাপটা, আপটা, এনেক্স-III ইত্যাদি) ইস্যুকরণ | রউব্যু, রাজশাহী। | ইস্যূকৃত নিবন্ধন সনদ/ সংশ্লিষ্ট রেজিস্টার | - |
| ১.৫ সেবা প্রদানের লক্ষ্যে রপ্তানিকারকদের ইপিবির সাথে নিবন্ধিতকরণ | রপ্তানিকারক নিবন্ধিত | সেবা প্রদানের লক্ষ্যে রপ্তানিকারকদের রউব্যু, রাজশাহীর সাথে নিবন্ধিতকরণ | রউব্যু, রাজশাহী। | ইস্যুকৃত নিবন্ধন সনদ/সংশিস্নষ্ট নথি | - |
| ১.৬ রপ্তানি সংক্রান্ত সমস্যা চিহ্নিতকরণ সভা | চিহ্নিত করণ সভা অনুষ্ঠিত | রপ্তানি সংক্রামত্ম সমস্যা চিহ্নিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে সভা অনুষ্ঠান | রউব্যু, রাজশাহী। | সভার কার্যবিবরণী/সংশিস্নষ্ট নথি | - |
| ১.৭ বাণিজ্য সংশ্লিস্ট পুস্তক/প্রতিবেদন এবং অন্যান্য সোর্সের ভিত্তিতে ক্লায়েন্টদের বাণিজ্য তথ্য সরবরাহ | তথ্য সেবা প্রদানকৃত | বাণিজ্য সংশ্লিষ্ট পুস্তক/প্রতিবেদন এবং অন্যান্য সোর্সের ভিত্তিতে ক্লায়েন্টদের বাণিজ্য তথ্য সরবরাহ | রউব্যু, রাজশাহী। | সংশিস্নষ্ট রেজিস্টার/ভিজিটর বুক | - |
| ১.৮ রপ্তানি পরিসংখ্যান সংগ্রহ ও প্রচার | পরিসংখ্যান সংগ্রহিত ও প্রচারিত | ব্যুরোর প্রধান কার্যালয় হতে সংগৃহীত রপ্তানি পরিসংখ্যান প্রচার সংশ্লিষ্ট সকলের নিকট প্রচার | রউব্যু, রাজশাহী। | সংশ্লিষ্ট রেজিস্টার | - |
| ১.৯ রপ্তানি সম্ভাবনাময় পণ্যের জন্য রপ্তানি প্রণোদনা (incentive) প্রদানের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে ব্যুরোর প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণ | প্রসত্মবনা ব্যুরোর প্রধান কার্যালয়ে প্রেরিত | রপ্তানি সম্ভাবনাময় পণ্যের জন্য রপ্তানি প্রণোদনা (incentive) প্রদানের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যেব্যুরোর প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণ | রউব্যু, রাজশাহী। | ব্যুরোর প্রধান কার্যালয়ে প্রেরিত পত্র/স্মারক | - |
| ১.১০ ক্রেতা-বিক্রেতা বাণিজ্য নিস্পত্তিকরণ | বাণিজ্য বিরোধ নিস্পত্তিকৃত | ক্রেতা-বিক্রেতা বাণিজ্য বিরোধ নিস্পত্তিকরণ | রুউব্যু, ঢাকা। | ইস্যুকৃত সি.ও. এর অফিস কপি/সংশ্লিষ্ট রেজিষ্টার | - |
| ২.১ রপ্তানি সম্ভাবনাময় পণ্যের উপর প্রতিবেদন তৈরীকরণ | প্রতিবেদন তৈরীকৃত | স্থানীয় রপ্তানি-সম্ভাবনাময় পণ্য রপ্তানি বাস্কেটে আনায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্যের উপর প্রতিবেদন তৈরীকরণ | রউব্যু, রাজশাহী। | তৈরীকৃত প্রতিবেদনের কপি | - |
| ২.২ ইপিবি কর্তৃক দেশে আয়োজিত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় স্থানীয় উৎপাদক/রপ্তানিকারকদের উদ্বুদ্ধকরণ | উৎপাদক/রপ্তানিকারক উদ্বুদ্ধকৃত | ইপিবি কর্তৃক দেশে আয়োজিত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় স্থানীয় উৎপাদক/ রপ্তানিকারকদের উদ্বুদ্ধকরণ | রউব্যু, রাজশাহী। | সংশ্লিষ্ট রেজিস্টার/ভিজিটরস বুক | - |
| ৩.১ ইপিবি কর্তৃক আয়োজিত/অংশগ্রহণকৃত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণে স্থানীয় উৎপাদক/রপ্তানিকারকদের উদ্বুদ্ধকরণ | উৎপাদক/রপ্তানিকারক উদ্বুদ্ধকৃত | ইপিবি কর্তৃক আয়োজিত/অংশগ্রহণকৃত আমত্মর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণে স্থানীয় উৎপাদক/রপ্তানিকারকদের উদ্বুদ্ধকরণ | রউব্যু, রাজশাহী। | সংশ্লিষ্ট নথি/রেজিস্টার | - |
| ৪.১ জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচী (NETP) প্রণয়নের ইপিবি'র প্রধান কার্যালয়কে সহযোগিতা প্রদান | NETP প্রণয়নে প্রদানকৃত সহযোগিতা | জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচী (NETP) প্রণয়নে ইপিবি'র প্রধান কার্যালয়কে সহযোগিতা প্রদান | রউব্যু, রাজশাহী। | সংশ্লিষ্ট নথি/রেজিস্টার | - |

## সংযোজনী-৩. কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/অধিদপ্তর/বিভাগ/সংস্থা এর নিকট সহায়তাসমূহঃ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্ম সম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট ইপিবি র প্রত্যাশিত সহায়তা’ | চাহিদা প্রত্যাশার যৌক্তিকতা/ | উক্ত সংস্থার নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| সরকারি | রপ্তানি উন্নয়ন ব্যুরো ও বিভাগীয়/জেলা জেলা প্রশাসন,রাজশাহী। | জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচি (NETP) বাস্তবায়ন | জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচী (NETP) বাস্তবায়ন করতে সহযোগিতা। | বিভাগীয়/জেলা প্রশাসনের সহযোগিতা ছাড়া জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচী (NETP) বাস্তবায়ন করা সম্ভব হয় না । | ৫০% | বিভাগীয়/জেলা প্রশাসনের সহযোগিতা ছাড়া জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কম©সূচী (NETP) বাস্তবায়নে অসুবিধা সৃষ্টি হবে । |
| বেসরকারি | বাণিজ্য মন্ত্রণালয় ও জেলা প্রশাসন, ঢাকা । | জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচি (NETP) বাস্তবায়ন | জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচী (NETP) বাস্তবায়ন করতে সহযোগিতা । | স্থানীয় চেম্বার/ এসোসিয়েশনের সহযোগিতা ছাড়া জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচী (NETP) বাস্তবায়ন করা সম্ভব হয় না । | ৫০% | স্থানীয় চেম্বার/এসোসিয়েশনের সহযোগিতা ছাড়া জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কম©সূচী (NETP) বাস্তবায়ন অসুবিধা সৃষ্টি হবে । |